

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী

নম্বর:৬২

বঙ্গবন্ধুর 'জুলিও কুরি' পদকপ্রাপ্তির ৫০ বছর পূর্তিতে ময়মনসিংহে 'ফ্রি মেডিকেল ক্যাম্প'

ময়মনসিংহ (২৮ মে ২০২৩ খ্রি.):

আজ ময়মনসিংহের টাউন হলস্থ অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়াম প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপনের লক্ষ্যে 'ফ্রি মেডিকেল ক্যাম্প' এর আয়োজন করা হয়। ময়মনসিংহ সিভিল সার্জন অফিসের আয়োজনে এই মেডিকেল ক্যাম্পের মাধ্যমে স্বাস্থ্যসংক্রান্ত সেবা প্রদান করা হয়।

ময়মনসিংহ নগরীর বিভিন্ন পর্যায়ের জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে ক্যাম্পের কার্যক্রম পরিচালিত হয়। ক্যাম্পে আগত সুবিধাপ্রত্যাশীদের মধ্যে স্বাস্থ্যসংক্রান্ত বিভিন্ন পরামর্শ, বিনামূল্যে চিকিৎসাপত্র প্রদান এবং ঔষধ বিতরণ করা হয়।

ক্যাম্পে ময়মনসিংহ সিভিল সার্জন ডাক্তার মোঃ নজরুল ইসলামসহ সিভিল সার্জন অফিসের চিকিৎসক ও কর্মচারীবৃন্দ কার্যক্রমে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন। ক্যাম্পে আগত নগর অধিবাসীগণ এ ধরনের কার্যক্রমের জন্য সন্তুষ্টি প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

#

রিদওয়ান/মনির/দেওয়ান/সজিব/২০২৩/১৫:০০ ঘণ্টা